দামুড়হুদার বড় বলদিয়া স্কুল এ্যান্ড কলেজে বিদায় ও নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা উপজেলার বড় বলদিয়া স্কুল এ্যান্ড কলেজে বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা পৈারসভার চেয়ারম্যান মতিয়ার রহমানের সভাপতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান জনাব আলি মুনসুর বাবু।

বিশেষ অথিতি ছিলেন গুলাম রহমান অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হাবিবউল্লাহ আওয়ামী লীগ নেতা বরকত আলী, সিরাজুল ইসলাম, ইউসুফ আলী, লিয়াকত আলী, তক্কেল আলী, জিয়া উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মজিবার রহমান।

মেপ্র/ আরপি

দর্শনায় দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদকের সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার বহুল প্রচলিত দৈনিক আকাশ খবর পত্রিকার প্রকাশক ও সম্পাদক জেলা কৃষক লীগের সাবেক সেক্রেটারি এবং বাংলাদেশ বেতার এর জেলা প্রতিনিধি এ্যাডভোকেট হাজী তছিরুল আলম মালিক ডিউক’র সুস্থতা কামনায় দর্শনায় দোয়া অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার জুম্মার নামাজের শেষে দর্শনা রেলবাজার (কেন্দ্রীয়) জামে মসজিদে ও ঈশ্বরচন্দ্রপুর ঈদগাহ পাড়া জামে

মসজিদে দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক হাজী তছিরুল আলম মালিক ডিউক এর শারিরীক সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত সপ্তাহে হঠাৎ তার শারিরীক অবস্থা খারাপ হলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয় কিন্তু পরবর্তীতে শারিরীক অবস্থার অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক ঢাকা ইবনে সিনা হাসপাতালে রেফড করেন।

বর্তমানে তিনি ঢাকা ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। তার পূর্ণ সুস্থতার জন্য আকাশ খবর পরিবারের পক্ষ থেকে সকলের কাছে দোয়া প্রার্থনা করা হয়েছে।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় পৃথক অীভযানে ফেনসিডিলসহ দুই মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা পুলিশ দিনভর মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল সহ ২ মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, গতকাল বুধবার দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নেতৃত্বে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ ইন্সপেক্টর শেখ মাহবুবুর রহমান ও এস আই জাকির হোসেন, এ এস আই মারুফ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনার কেরুজ মিল গেট ও দর্শনা মর্ডান ক্লিনিকের সামনে মাদক বিরোধী অভিযান চালান।

এ সময় পুলিশ ফরিদপুর থানার আশাপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে হাবিবুর রহমান হাবলু(৩৮)’কে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।
বর্তমানে হাবলু দর্শনা দক্ষিণ চাদপুর গ্রামের বসবাস করে।

অপরদিকে গতকাল বুধবার সন্ধা ৬ টার দিকে দর্শনা পৌরসভার দর্শনা

মুজিব নগর সড়কের মর্ডান ক্লিনিকের সামনে থেকে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার রথতলা গ্রামের আনোয়ার হোসেনের ছেলে মাদক ব্যাবসায়ী আরাফাত (২৮)’কে ৩ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করে।

গতকালই তাদের ২ জনের বিরুদ্ধে শেখ মাহবুবুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলা সহ দামুড়হুদা মডেল থানায় মামলা করেছে।

- দর্শনা প্রতিনিধি

দামুড়হুদায় ভ্রাম্যমান গবাদি প্রাণী চিকিৎসা ক্লিনিক ও গরুর বাছুর প্রদর্শনী

দামুড়হুদায় ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভ্রাম্যমান গবাদি প্রাণী চিকিৎসা ক্লিনিক ও ব্র্যাকের নিকট থেকে সিমেন সংগ্রহ ও ব্যবহার করে উৎপাদিত গরুর বাছুর প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

উপজেলার লোকনাথপুর ফুটবল মাঠে গত মঙ্গলবার অনুষ্ঠিত গরুর বাছুর প্রর্দশনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে শাহ পোল্ট্রি হ্যাচারীর পরিচালক এস এম জাহীদ হাসান জনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো: গোলাম মোস্তফা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মো: গোলাম হায়দার এবং হাউলী ইউনিয়ন পরিষদদের ইউপি সদস্য রিকাত আলী।

ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভেটেরিনারি সার্জন ডা. মোঃ অলিদ হোসেন এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভেটেরিনারি সার্জন ডা: এরমান আলী এবং ডা: হুমায়ূন কবীর সবুজ।

অনুষ্ঠানে ব্র্যাক এর সংগ্রহীত সিমেন ব্যবহারকারী শ্রেষ্ঠ ২৫ জন

খামারীকে পুরষ্কার প্রদান ছাড়াও কৃত্রিম প্রজননের উপর নির্মিত নাটক সুখের খনি বড় পর্দায় প্রদর্শন করা হয়।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় বাল্য বিবাহ, যৌন হয়রানী, মাদক ও দুর্নীতি বিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত

ছেলের একুশ মেয়ের আঠারো এর নিচে বিয়ে নয় শ্লোগানকে সামনে রেখে বাল্য বিবাহ, যৌন হয়রানী, নারী নির্যাতন প্রতিরোধে স্থানীয় প্রতিনিধিদের ভুমিকা নিয়ে কিশোর-কিশোরীদের সাথে সংলাপ এবং মাদক, দুর্নীতি ও জঙ্গীবাদ বিরোধী আলোচনা সভা ও র্যালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার রামনগর কিশোর-কিশোরী ক্লাবের উদ্যোগে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় এ সংলাপ অনুষ্ঠিত হয়। এছাড়া পুষ্টিকর খাদ্য রান্না কিশোর কিশোরীদের প্রশিক্ষণ বিষয়ক ক্যাম্প ও প্রদর্শনীর আয়োজন করা হয়।
রান্ন করা খাবারের পুষ্টিমান বজায় রেখে রান্না করা পদ্ধতি সর্ম্পকে প্রশিক্ষণ ও বনভোজন করা হয়।

সংলাপ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজ সেবক ফজলুর রহমান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

বিশেষ অতিথি দর্শনা পৌর মেয়র রেজাউল ইসলাম, ওর্য়াড কমিটির সাধারণ সম্পাদক ফয়সাল আহম্মেদ, সাংবাদিক হানিফ মন্ডল, সহ-সমন্বয়কারী মজিবর রহমান ও দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন প্রমুখ।
অনুষ্ঠান পরিচালনা করেন ইসরাইল হোসেন খান ও পিংকি রানী মন্ডল।

- দর্শনা প্রতিনিধি

দর্শনা কেরু চিনিকলে আখ ওজন করা নিয়ে বিরোধ, সড়ক অবরোধের চেষ্টা

গতকাল বুধবার দর্শনা কেরু চিনিকলের মিলগেটে আখ ওজন করা নিয়ে চাষী ও কতৃপক্ষের মধ্যে হট্টগোল ও মতবিরোধের ঘটনা ঘটেছে।

ফলে মঙ্গলবার রাত ১২ টা থেকে বুধবার দুপুর ১টা পর্যন্ত চাষীরা মিলের ডোঙায় আখ ফেলা থেকে বিরত থাকেন।

পুলিশ ও মিল কর্তৃপক্ষ সাংবাদিকদের জানিয়েছেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের নির্দেশে সকাল ৮টা থেকে রাত ১২ টা পর্যন্ত দুই সিপটে ১৬ ঘন্টা চিনিকলের মিলগেটে আখ ওজন করা যাবে।

কিন্তু ঐদিন বেশ কিছু আখচাষী রাত ১২টার পর পাওয়ার ট্রলার ভর্তি করে আখ নিয়ে আসেলে মিলের নিয়ম অনুযায়ী আখের গাড়ি ওজন না করে কর্তব্যরত কর্মচারীরা অফিস বন্ধ করে দেয়।

ফলে মিলে আসা চাষীরা মারমুখী হয়ে চিনিকল কতৃপক্ষকে অশ্লীল ভাষায় গালাগালি ও মিলে আখ সরবরাহ করবে না বলে হুমকি ধমকি দিতে থাকেন। এ জন্য ঐদিন রাত ১২টা থেকে পরদিন বেলা ১টা পর্যন্ত মিলে কোন চাষী আখ ওজন দেয়নি।

ফলে মিল এলাকার বিভিন্ন গ্রাম থেকে আখ ভর্তি পাওয়ার ট্রলার এসে দর্শনা-মুজিব নগর সড়ক প্রায় বন্ধ করে দেয়ার চেষ্টা করে। গতকাল বুধবার কতৃপক্ষ বাধ্য হয়ে পুলিশকে খবর দিলে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ভার প্রাপ্ত কর্মকর্তা শেখ মাহবুব হাসান সঙ্গীয় ফোর্স নিয়ে সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক করেন।

মঙ্গলবার রাতে আসা চাষী কুদ্দুস আলী যাদু মিয়া ও মসলেম মনডল সহ ১৫-২০জন বুধবার সাংবাদিকদের জানান, রাত ১২টার দিকে মাত্র ৫০টির

মত আখের গাড়ি মিলগেটে থাকা অবস্থাই গেট বন্ধ করলে হট্টগোল বেধে যায়।

চাষীরা অভিযোগ করে বলেন চাষীরা সারা রাত গেটের বাইরে থেকে শীতে কষ্ট করবে আর মিলের বাবু-মশাইরা বাড়ি ঘুমাবে তা হবেনা, মিল গেট ১৬ ঘন্টা না ২৪ ঘন্টা খোলা রাখতে হবে, তা না হলে আমরা চাষীরা কেউ মিলে আখ সরবরাহ করবোনা।

মিলের জি এম (কৃষি) উত্তম কুমার কু-◌ু জানান, চিনি করপোরেশনের নির্দেশ মোতাবেক ১৬ ঘন্টার বেশি মিলগেট খুলে রাখার অনুমতি নেই। কর্মচারীরা সেটাই করেছে, চাষীরা জেনেও খামাখা চটে গেছেন।

চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মো: জাহেদ আলি আনছারী সাংবাদিকদের জানান, চাষীদের সুবিধার্থে মিলগেটে পুর্জি বাড়ানোর ফলে একটি ঘটনা ঘটেছিল, সমাধান হয়ে গেছে। মিলে চাষিদের আখ আসা শুরু হয়েছে।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় ৪২ জনের বিরুদ্ধে মামলা:অর্থ লেনদেনে মিমাংসা

দীর্ঘদিন ধরেই বিনা পুজির ব্যবসা করছে এই ব্যাক্তি। যেমন ভিক্ষা করা একটি বিনা পুজির ব্যবসা তেমনি কোর্টে মামলা ঠুকে দেওয়া একটি বিনা পুজির মতই ব্যবসা। এ বিনা পুজির ব্যবসা করতে গিয়ে বিভিন্ন সময়ে ৪টি গ্রামে বসবাস করেছে এই ব্যাক্তি। আবার বসবাসসূত্রে এসকল গ্রামগুলির প্রতিবেশীদের সাথে কারনে অকারনে কয়েক বছরের ব্যাবধানে ৪২ জনের বিরুদ্ধে কোর্টে বিভিন্ন ধরনের মামলা ঠুকেছে এই ব্যাক্তি। আসামী পক্ষ মান মর্যাদা হারানোর ভয়ে বিভিন্ন সময়ে আর্থিক লেনদেনে বেশ কয়েকটি মিমাংসাও করেছে। আরও অনেক মামলা খারিজ হয়েছে ও অনেক মামলা চলমান রয়েছে।

এমনই এক ব্যাক্তির খোজ পাওয়া গেছে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার পরানপুর গোরস্থান পাড়ায়। ফজল কানা

বিভিন্ন মিথ্যা কারন দেখিয়ে কোর্টে মামলা করে। পরে আজিমপুর থেকেও তাকে একই ভাবে বিতাড়িত করে গ্রামবাসী। পরে আজিমপুর থেকে বর্তমানে দর্শনা পৌরসভার পরানপুর গ্রামের গোরস্থান পাড়ায় বসবাস করছে।

এখানেও একই ভাবে কয়েকবছরের মধ্যে প্রায় ২২ জনের বিরুদ্ধে কোর্টে মামলা ঠুকেছে। এর মধ্যে পরানপুর গ্রামের সমশের আলীর ছেলে রবিউলের বিরুদ্ধে মিথ্যা নারী নির্যাতনের মামলা করে। পরে মান-সন্মান বাচাতে ১লক্ষ টাকায় মিমাংসা করে ফজল কানা। প্রতিবেশী মৃত কুদরত আলীর ছেলে ভ্যান চালক হাবিবুরের বিরুদ্ধে কোর্টে মিথ্যা মামলা করে তার কাছ থেকে ২১ হাজার টাকা নিয়ে আপোষ করে। এছাড়া মৃত খেদের আলীর ছেলে আমজাদ, আমজাদের ছেলে পিন্টু, সাহাদতের মেয়ে হাজেরা ও ছেলে ইছা, এনামুলের মেয়ে পিংকি, আনু মিয়ার ছেলে মুনতাজ, মৃত মজিদের ছেলে ধনু মিয়া, কপিল মন্ডলের ছেলে রেজাউল, রেজাউলের ছেলে আলো, বাদলের ছেলে ইস্◌্রাফিল, মৃত নুর বক্সের ছেলে মব্বত, ইলাহীর ছেলে ইছাহাক, আজির বক্সের ছেলে সাবেক কাউন্সিলর লৎফর, শামসুদ্দিনের ছেলে বর্তমান কাউন্সিলর নজরুল ইসলাম, নজরুলের ছেলে শান্ত, রহেদ আলীর ছেলে তোফা, জাবেদের ছেলে তমছের উদ্দিনের নামে বিভিন্ন মিথ্যা মামলা ঠুকেছে কোর্টে।

ভুক্তভোগীরা জানায়, ফজল কানা তার পারিবারিক কোলহের জন্য বিভিন্ন সময়ে গ্রামে সালিসের ডাক দেয় পরে তার মন মত সালিসের রায় না হলে ঐ সালিসে যারা উপস্থিত থাকে তাদের বিরুদ্ধে গোপনে কোর্টে মিথ্যা মামলা করে আসে। আবার তার পরিবারের কাউকে যদি মারধর করে প্রতিবেশী কেউ যদি ঠেকাতে যায় তার বিরুদ্ধে আদালতে মামলা ঠুকে দিয়ে টাকা হাতানোর পায়তারা করে। এছাড়া তার বড় ছেলে শরিফের বিরুদ্ধে বিভিন্ন অপরাধ মূলক কর্মকান্ডে জড়িত থাকার অভিযোগ করে গ্রামবাসী। এছাড়া অভিযোগ করে শরিফের কাছে একটি খেলনার পিস্তল ও একটি হ্যান্ডকাপ রয়েছে যা দিয়ে বিভিন্ন স্থানে প্রশাষনের নাম ভাঙ্গিয়ে ছিনতায় করে বলে জানায় এলাকাবাসী। এছাড়া শরিফের নির্যাতনের শিকারে তার স্ত্রী শরিফের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করেছে বলে অভিযোগ পাওয়া যায়। এছাড়া বিভিন্ন সময়ে তার আপন আত্মিয়দের বিরুদ্ধে নিজের ছেলে-মেয়ে ও স্ত্রীকে বাদি করে আদালতে বিভিন্ন রকমের মিথ্যা মামলা করে হয়রানি ও প্রতারনার জাল বিস্তার করছে প্রতি নিয়ত।

দর্শনা প্রতিনিধি:

দর্শনায় কেরু এ্যান্ড কো. নামে ট্রাকে করে বহন করছে মাদক

চুয়াডাঙ্গা জেলার একমাত্র ভারী শিল্প কারখানা কেরু এ্যান্ড কোম্পানী। এ কোম্পানির প্রায় সাড়ে ৩৪ কোটি চিনি বিক্রি করেছে কেরু এ্যান্ড কোম্পানি। সেই সুবাদে প্রতিদিন প্রায় কেরু এ্যান্ড কোম্পানির চিনি লোড হচ্ছে ১৫ থেকে ২০ টি ট্রাক। কিছু মাদক ব্যাবসায়ীর ড্রাইভার সাথে যোগসাজসে ঐ চিনি ভর্তি ট্রাকে করে ফেনসিডিল ও ইয়াবা পাচার হচ্ছে বলে একটি সুত্র বলেছে।

গত শনিবার রাত ৯ টার দিকে চুয়াডাঙ্গা জেলা গোয়ান্দা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দর্শনার জুবায়ের ও ইন্তাজকে চিনি ভর্তি ট্রাকসহ ১১০ বোতল ফেনসিডিল সহ তাদের কে আটক করে। ট্রাক ড্রাইভার পলাশ ট্রাকের জানালা লাফ দিয়ে পালিয়ে রক্ষা পায়। পুলিশ জানিয়েছে গোপন সংবাদের ভিত্তিতে গত শনিবার রাতে জেলা গোয়ান্দা পুলিশের একটি চৌকস দল এস আই ইবনে খালিদ, এ এস আই বিজন কুমার সঙ্গীয় ফোর্সসহ রাত ৯ টার দিকে চুয়াডাঙ্গা সি এ্যান্ড বি পাড়ায় অভিযান চালান। এ সময় জীরননগর চুয়াডাঙ্গা সড়কের ছ,মিলের সামনে একটি চিনি ভর্তি ট্রাককে সিগনাল দেন। পুলিশের উপস্থিতি টের পেলে দর্শনা শান্তি পাড়ার ট্রাক ড্রাইভার পলাশ সটকে পড়ে। আটক করা হয় দর্শনা আনোয়ারপুর হঠাৎ পাড়ার আব্দুল মালেকের ছেলে জুবায়ের হোসেন (৩৫) ও একই এলাকার হামিদ দারোয়ানের ছেলে ইন্তাজ(২৫) কে। চিনি ভর্তি ট্রাক তল্লাশি করে উদ্ধার করা হয় ভারতীয় ১১০ বোতল ফেনসিডিল।

গোয়েন্দা পুলিশ প্রাথমিক জিজ্ঞেসাবাদে তারা জানান উদ্ধারকৃত ফেনসিডিল দর্শনা শান্তি পাড়ার মাদক ব্যাবসায়ীর গডফাদার সোহাগ ওরফে ঘটুর। এ ঘটনায় তাদের বিরুদ্ধে মাদক দ্র্যব্য নিয়ন্ত্রন আইনে ৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। এ দিকে কেরু এ্যান্ড কোম্পানির গাফিলতির কারনে এ সব মাদক পাচার হচ্ছে বলে জানিয়েছে একটি সুত্র। এ ব্যাপারে কেরি এ্য্ডা কোস্পানীর ব্যাবস্থাপনা পরিচালক দৃষ্টি দিলে এ সব মাদক ব্যাবসায়ীরা ছাড় পাবে না বলে আশা করছে সাধারন মানুষ।

দর্শনা প্রাতনিধি:

দর্শনায় সাংবাদিককে মারধরের ঘটনায় ৫ জনের বিরুদ্ধে অভিযোগ

দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর সভার দর্শনা হল্ট ষ্টেশনের সামনে এক সাংবাদিককে মারধর করেছে মাসুম বাহিনীর ক্যাডাররা।

অভিযোগ সুত্রে জানা গেছে গত সোমবার দুপুর ১২ টার দিকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নির্বাহী ম্যাজিষ্টের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশনের সামনে।

এ সময় সাংবাদিক মুন্না ছবি তুলতে গেলে আফু জদ্দারের ছেলে রফিক, রুহুল ফকিরের ছেলে শরিফ রাজিব সুমন বাটাম দিয়ে বেধড়ক পিটিয়ে আহত করে সাংবাদিক মুন্না কে।

মুন্না বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় ৫ জনের বিরুদ্ধে লিথিত অভিযোগ দায়ের করেছে। আসামীরা শক্তিশালী হওয়ায় ভয়ে দিন কাটাচ্ছে সাংবাদিক মুন্না।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় পৃথক অভিযানে ফেনসিডিল সহ ৩ জন গ্রেফতার

দর্শনা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের মাদক বিরোধী পৃথক অভিযান চালিয়ে ৪’শ ৪ বোতল ফেনসিডিল সহ ৩ জন মাদক ব্যাবসায়ী কে আটক করেছে।

জানা গেছে, গতকাল বুধবার রাত ৮ টার দিকে দর্শনা তদন্ত কেন্দ্রের ইন্সপেক্টর শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে অভিযান চালায় পারকেষ্টপুর রাস্তার উপর।

এ সময় দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের এ এস আই মারুফ হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে মোস্তফিজুর রহমান মোস্তাক (৩৫) কে ৪ বোতল ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মোস্তফিজুর মোস্তাক দামুড়হুদা উপজেলার পারকেষ্টপুর মদনা ইউনিয়নের ছমির বিশ্বাসের ছেলে।

অপরদিকে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ দর্শনা দক্ষিণ চাঁদপুর টাওয়ার পাড়ার রহিম ও হাবিবুর কে ৪’শ বোতল ফেনসিডিল সহ আটক করেছে।

গত মঙ্গলবার রাত সাড়ে ৭ টার দিকে দর্শনা পল্লি বিদুৎ অফিসের সামনের রাস্তার উপর থেকে তাদের কে আটক করে।

জেলা গোয়েন্দা পুলিশের এস আই আবু বক্কর সিদ্দিক, এএসআই রুহুল আমিন ও এএসআই মিলন হোসেন সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পল্লি বিদুৎতের সামনে।

এ সময় পুলিশ দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের লাল মিয়ার ছেলে হাবিবুর রহমান (৩০) ও একই গ্রামের আবুল কালামের ছেলে আব্দুর রহমান (৩৮) কে ফেনসিডিল সহ গ্রেপ্তার করে।

এ তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ২ টি বস্তা, বস্তা দুটি তল্লাশি করে ৪’শ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।
পরে আটককৃত দুজনের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে।

- দর্শনা প্রতিনিধি